

প্রেস বিজ্ঞপ্তিঃ ঢাকা, ১৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ।

## আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর লিখিত পরীক্ষাসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের নির্দেশ দিয়েছেন এনবিআর চেয়ারম্যান

সরকারের রাজস্ব সংগ্রহে কর আইনজীবীরা মুখ্য ভূমিকা পালন করে থাকেন। কর আইনের মত জটিল বিষয়কে সাধারণ করদাতাদের কাছে সহজবোধ্য করে সরকারের রাজস্ব ভান্ডারে অর্থ যোগানে কর আইনজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কর বিভাগ ও করদাতাদের মাঝে কর আইনজীবীরা যোগসূত্র হিসাবে দায়িত্ব পালন করেন। তাঁদের এ গুরুত্বপূর্ণ দায়িত্ব পালনের মাধ্যমে সাধারণ জনগণকে সঠিকভাবে কর প্রদানে সচেতন ও উদ্বুদ্ধ করে থাকেন।


সাম্প্রতিক সময়ে দেশে করদাতার সংখ্যা ৩০ লক্ষ ছাড়িয়ে যাওয়ায় করদাতাগণের মানসম্মত আইনী সহায়তা প্রদান নিশ্চিত করার জন্য আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর কার্যক্রম হাতে নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড। বর্তমানে এ কার্যক্রমের লিখিত পরীক্ষার প্রস্তুতিমূলক কাজ চলছে। এবারের নিবন্ধন কার্যক্রমে সর্বমোট ২২,১৪১ (বাইশ হাজার একশত একচল্লিশ) জন প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পেয়েছেন। ফলে, উল্লেখযোগ্য সংখ্যক শিক্ষিত এবং দক্ষতাসম্পন্ন ব্যক্তির আত্ম-কর্মসংস্থানের অভূতপূর্ব সুযোগ সৃষ্টি হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড গণমানুষের এই স্বতঃস্ফূর্ত অগ্রহকে স্বাগত জানাচ্ছে এবং অংশগ্রহণকারী সকল প্রার্থীকে ধন্যবাদ জ্ঞাপন করছে।

২০১১-২০১২ অর্থবছরে সর্বশেষ নিবন্ধন কার্যক্রম অনুষ্ঠানের প্রায় পাঁচ (০৫) বছর পর আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর কার্যক্রম গৃহীত হবার ফলে এবারের নিবন্ধন প্রক্রিয়ায় প্রার্থী সংখ্যা অনেক বৃদ্ধি পেয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন-২০১৭ এর সকল কার্যক্রম শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সম্পন্ন করতে বদ্ধপরিকর। জাতীয় রাজস্ব বোর্ড প্রতিযোগিতামূলক নিবন্ধন প্রক্রিয়ার সার্বিক কার্যক্রমে অংশগ্রহণকারী সকল প্রার্থীকে কোন প্রকার গুজবে বিশ্বাস না করে যথাযথ প্রস্তুতি গ্রহণপূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য আহ্বান করছে।

এ বিষয়ে সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিবুর রহমান বলেন, রাজস্ব সংগ্রহে কর আইনজীবীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাঁরা আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীজন। সরকারের সর্বোচ্চ রাজস্ব সংগ্রহকারী সংস্থা হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড তার সকল অংশীজনের সাথে সুসম্পর্ক বজায় রাখার পাশাপাশি সকল ক্ষেত্রে সুশাসন সুনিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ।

তিনি আরো বলেন, রাজস্ব আহরণের কাজে কর আইনজীবীদের ভূমিকা বিশেষভাবে তাৎপর্যপূর্ণ। তাঁরা আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীজন। কর বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের পাশাপাশি কর আইনজীবীগণও উন্নয়নের অক্সিজেন 'রাজস্ব' আহরণে যুগপৎভাবে কাজ করেন। করনেট সম্প্রসারণ, সুশাসন নিশ্চিতকরণ ও রাজস্ব-বান্ধব কর প্রশাসন ব্যবস্থা গড়ে তুলতে তাঁরা সহযোগী/সহায়ক শক্তি হিসেবে কাজ করে থাকেন। তাই, তাঁদের নিয়োগ প্রক্রিয়ার ক্ষেত্রে আমরা শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা অনুসরণ করতে বলেছি। আগামী ১৫ সেপ্টেম্বর ২০১৭ আই.টি.পি নিবন্ধনের লিখিত পরীক্ষাসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দিয়েছি। পাশাপাশি করদাতাদের রাজস্ব আহরণে উদ্বুদ্ধকরণ ও কাজিত আইনী সেবা প্রদানে আয়কর পেশাজীবী (আই.টি.পি) নিবন্ধন কার্যক্রম নিয়মিত গ্রহণ করা হবে।

বর্ণিত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ মুমেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া